



## ইরানের সঙ্গে চুক্তি হলে পাকিস্তানে যেতে প্রস্তুত ডোনাল্ড ট্রাম্প



যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। ছবি: রয়টার্স

ইরানের সঙ্গে সম্ভাব্য চুক্তি স্বাক্ষরের ক্ষেত্রে পাকিস্তান সফরের ইঙ্গিত দিয়েছেন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। চুক্তি চূড়ান্ত হলে তিনি নিজে ইসলামাবাদে গিয়ে স্বাক্ষর অনুষ্ঠানে উপস্থিত থাকতে পারেন বলে জানিয়েছেন।

বৃহস্পতিবার হোয়াইট হাউসে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি বলেন, ইরানের সঙ্গে একটি সমঝোতার খুব কাছাকাছি পৌঁছে গেছে যুক্তরাষ্ট্র। পাকিস্তানে গিয়ে সেই চুক্তিতে স্বাক্ষর করা হবে কি না—এ প্রশ্নে ট্রাম্প জানান, পরিস্থিতি হলে তিনি সেখানে যেতে পারেন।

এর আগে যুক্তরাষ্ট্রের ভাইস প্রেসিডেন্ট জেডি ভ্যাপের নেতৃত্বে একটি প্রতিনিধি দল ইসলামাবাদে ইরানি কর্মকর্তাদের সঙ্গে বৈঠক করে। তবে সেই আলোচনা থেকে কোনো উল্লেখযোগ্য অগ্রগতি হয়নি।

হোয়াইট হাউসের পক্ষ থেকে জানানো হয়েছে, পরবর্তী দফা আলোচনার বিষয়টি নিয়ে কাজ চলছে এবং সেটি আবারও পাকিস্তানে হতে পারে।

সূত্র: এএফপি